



# বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২



টুঞ্জীপাড়া বাস ডিপো ও প্রশিক্ষণ ইনস্টিটিউট  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন  
WWW: [brcdepot.tungipara.gopalganj.gov.bd](http://brcdepot.tungipara.gopalganj.gov.bd)



“সরকারি কর্মচারী ভাইয়েরা আপনাদের জনগনের সেবায় নিজেদেরকে উৎসর্গ করতে হবে এবং জাতীয় স্বার্থকে সব কিছুর উর্ধ্বে স্থান দিতে হবে”-

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান





“যদি আলোচিত হতে চাও সমালোচনাকে ভয় করোনা। মনে রাখবা সমালোচনাও এক প্রকার আলোচনা”-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা



ওবায়দুল কাদের, এমপি  
মাননীয় মন্ত্রী  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

“পরিবহনে শৃংখলা আনয়নে  
বিআরটিসিকে অগ্রণী ভূমিকা  
পালন করতে হবে।”



এ বি এম আমিন উল্লাহ নুরী  
সচিব  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

“ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে  
বিআরটিসির যাত্রী সেবার মান  
আরো উন্নত ও সহজ করতে হবে।”



মোঃ তাজুল ইসলাম  
চেয়ারম্যান  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

“সেবার মান বৃদ্ধি করে  
বিআরটিসিকে একটি মডেল  
পরিবহন সংস্থায় পরিণত করা।”

## টুংগীপাড়া উপজেলার সংক্ষিপ্ত ইতিহাস

স্বাধীন বাংলার দক্ষিণভাগে এক সময়ের স্রোতস্বিনী মধুমতির কোল ঘেঁষে গড়ে উঠেছে উপজেলা টুংগীপাড়া। আয়তনেছোট এবং নামে অভিনবত্ব থাকলেও বর্তমান বাংলাদেশের প্রেক্ষাপটে টুংগীপাড়ায় রয়েছে গৌরবদীপ্ত ইতিহাস ও ঐতিহ্য। একটি পৌরসভা ও পাঁচটি ইউনিয়ন নিয়ে গঠিত মাত্র ১২৭.২৫ বর্গ কিলোমিটার আয়তনের টুংগীপাড়া উপজেলা। এর নাম করণে রয়েছে অভিনবত্ব- শোনা যায় পারস্য এলাকা থেকে আগত কতিপয় মুসলিম সাধক অত্র এলাকার প্লাবিত অঞ্চলে টং বেঁধে বসবাস করতেন। কালক্রমে ঐ টং থেকেই নাম হয় টুংগীপাড়া। টুংগীপাড়া উপজেলার উত্তরে রয়েছে গোপালগঞ্জ জেলা সদর, দক্ষিণে ও পশ্চিমে মায়াবতী মধুমতি। মধুমতির অপর পাড়ে রয়েছে ধর্মীয় সাধক পুরুষ মরহুম খানজাহান আলী (রাঃ) এর পুণ্য ভূমি, বাগেরহাট জেলার চিতলমারী ও মোল্লারহাট উপজেলা। আর পূর্বে রয়েছে কিশোর কবি সুকান্ত ভট্টাচার্যের আদি তীর্থ ভূমি গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলা। ফরিদপুর, মাদারীপুর, পিরোজপুর ও বাগেরহাটের নিকটবর্তী এলাকা হওয়ায় অত্র এলাকার মানুষের আঞ্চলিক ভাষা অনেকটা মিশ্র প্রকৃতির।

## টুংগীপাড়ার ঐতিহাসিক নিদর্শনঃ

- **বঙ্গবন্ধুর সমাধিসৌধ:** জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধ গোপালগঞ্জের টুংগীপাড়ায় অবস্থিত। ১৯৭৫সালের ১৫ আগস্ট কিছু সংখ্যক বিপথগামী সেনা অফিসারের হাতে সপরিবারে নির্মমভাবে নিহত বঙ্গবন্ধুকে এখানে সমাধিস্থ করা হয়। সমাধি সৌধটিকে বর্তমানে একটি দৃষ্টি নন্দন স্থাপনায় পরিণত করা হয়েছে। এ মাজারটি গোপালগঞ্জ জেলা সদর থেকে ১৯ (উনিশ) কিলোমিটার দূরে টুংগীপাড়ায় অবস্থিত। প্রতিদিন হাজার হাজার লোক এ মাজারে আসেন জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানাতে।
- শেখ রাসেল পৌর শিশু পার্ক
- বর্নির বাওড়
- মধুমতি নদীর উপর পাটগাতি সেতু
- মধুমতি নদী
- বঙ্গবন্ধুর পৈতৃক বাড়ি
- গওহরডাংগা মাদরাসা

## প্রখ্যাত ব্যক্তিত্বঃ

- জাতির জনকবঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান( ১৯২০-১৯৭৫)
- বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা (১৯৩০-১৯৭৫)
- শেখ হাসিনা
- শেখ সেলিম
- শামছুল হক ফরিদপুরী (ছদর সাহেব) (১৮৯৮-১৯৬৯)
- শেখ আবু নাসের
- শেখ ফজলুল হক মনি
- শেখ মোশাররফ হোসেন
- শেখ শহিদুল ইসলাম
- শেখ ফজলুল করিম সেলিম
- শেখ কামাল
- শেখ জামাল
- শেখ রেহানা
- শেখ রাসেল
- শেখ হেলাল উদ্দিন
- আবুল হাসান
- শেখ ফজলে নূর তাপস
- এ জে এম আমিনুল হক
- শাহ মোঃ জিয়াউর রহমান
- শেখ লুৎফর রহমান
- বেনজীর আহমেদ

## ভূমিকা

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) একমাত্র রাষ্ট্রায়ত্ত্ব পরিবহন সংস্থা। ১৯৬১ সালে সড়ক পরিবহন কর্পোরেশন অধ্যাদেশ নম্বর-৭ মোতাবেক সরকারিভাবে যাত্রী ও পণ্য পরিবহন সেবা নিশ্চিত করার লক্ষ্যে একমাত্র রাষ্ট্রীয় পরিবহন সংস্থা হিসাবে প্রতিষ্ঠিত হয়। যা স্বাধীনতা পরবর্তী সময়ে সার্বিকভাবে ক্ষতিগস্ত রাষ্ট্রীয় প্রতিষ্ঠানটিকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রত্যক্ষ দিক নির্দেশনায় পুনর্গঠন করা হয়। পুনঃগঠিত হওয়ার পর হতে বিআরটিসি নতুন উদ্যমে যাত্রা শুরু করে দেশের আর্থ-সামাজিক ও মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে, নিরাপদ ও সাশ্রয়ী মূল্যে যাত্রী ও পণ্য পরিবহন সেবা প্রদান এবং দক্ষ চালক ও কারিগর তৈরীতে এ সংস্থাটি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সক্রিয় ভূমিকা পালন করে আসছে। ইতঃমধ্যে সংস্থাটি অভ্যন্তরীণ যাত্রী সেবার পাশাপাশি বর্তমানে আন্তর্জাতিকভাবেও সফলতার সাথে তার কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

## রূপকল্প

- নিরাপদ, সাশ্রয়ী ও আধুনিক রাষ্ট্রীয় সড়ক পরিবহন ব্যবস্থা।

## অভিলক্ষ্য

- আন্তঃজেলা ও সিটি সার্ভিসসহ সকল রুটে নিরাপদ ও সাশ্রয়ী মূল্যে যাত্রী ও পণ্য পরিবহন সুবিধা বৃদ্ধি করা।
- বিআরটিসি'র বাস বহরে সময়োপযোগী আধুনিক যানবাহন সংযোজন করা।
- সময়োপযোগী আধুনিক প্রশিক্ষনের মাধ্যমে পরিবহন খাতে চালক ও কারিগর হিসাবে শিক্ষিত বেকার জনবলকে দক্ষ জনবলে রূপান্তর করা।
- সরকারের নিরাপদ সড়কের রূপরেখা বাস্তবায়নে অগ্রণি ভূমিকা পালন করা।
- আধুনিক নির্ভরযোগ্য পরিবহন ব্যবস্থা গড়ে তোলা।
- দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখা।

## কার্যাবলি

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন দেশের একমাত্র রাষ্ট্রীয় গণপরিবহন সংস্থা। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ এই প্রতিষ্ঠান। বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন আইন-২০২০ এর মাধ্যমে বিআরটিসি'র কার্যাবলী সুনির্দিষ্ট করা হয়েছে। এই আইনের ৫ ধারা অনুসারে বিআরটিসির কার্যাবলি নিম্নরূপ:

- যাত্রী ও পণ্য পরিবহন সেবা প্রদান করা;
- আন্তঃরাষ্ট্রীয় ও আঞ্চলিক যাত্রী ও পণ্য পরিবহন সেবা প্রদান করা;
- প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণ ইউনিট বা কেন্দ্র স্থাপন ও পরিচালনা করা;
- প্রয়োজন অনুযায়ী যানবাহন মেরামত কারখানা স্থাপন ও পরিচালনা করা;
- দেশে ও বিদেশে যাত্রী ও পণ্য সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক বাস ও ট্রাক সংগ্রহ করা;
- সরকারের পূর্বানুমোদনক্রমে, যেকোনো স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন, উন্নয়ন, সম্প্রসারণ ও দখলে রাখা বা ব্যবহার বা হস্তান্তর করা;
- পরিবহন সেবা প্রদানের উদ্দেশ্যে টার্মিনাল, ডিপো, যাত্রী ছাউনি বা অন্য কোনো সুবিধা সৃষ্টি করা;
- আন্তঃরাষ্ট্রীয় ও আঞ্চলিক যাত্রী ও পণ্য সেবা প্রদানের উদ্দেশ্যে বিদেশে কার্যালয় বা টার্মিনাল, ডিপো, যাত্রী ছাউনি বা অন্য কোনো সুবিধা সৃষ্টি করা;
- মেরামত ও রক্ষণাবেক্ষণ করিয়া বাণিজ্যিকভাবে পরিচালনা লাভজনক নহে এইরূপ বাস বা ট্রাক দীর্ঘ মেয়াদে সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে ইজারায় পরিচালনা করা;
- সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে প্রয়োজনে অস্থায়ীভাবে ইজারায় যাত্রীবাহী বাস বা পণ্যবাহী ট্রাক পরিচালনা করা;
- কর্মচারীদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা;
- সেবার মান বৃদ্ধির লক্ষ্যে গবেষণা করা;
- বিশেষ পরিস্থিতি, যেমন- হরতাল, পরিবহন ধর্মঘট, জরুরি অবস্থা, প্রাকৃতিক দুর্যোগ, রাষ্ট্রীয় জরুরি প্রয়োজন, বিশ্ব ইজতেমা, মুক্তিযোদ্ধা সমাবেশ এবং অনুরূপ কোনো পরিস্থিতিতে বিশেষ সড়ক পরিবহন সেবা প্রদান করা;
- কর্পোরেশনের গাড়ি সন্তার, যানবাহন, যন্ত্রপাতি, প্লান্ট, সরঞ্জাম ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী প্রস্তুত, ক্রয়, রক্ষণাবেক্ষণ ও মেরামত করা;

- (গ) কর্পোরেশনের কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় চুক্তি সম্পাদন করা;
- (ত) কর্পোরেশনের কার্যাবলি সম্পাদনের নিমিত্তে প্রয়োজনীয় যেকোনো ধরনের মালামাল মজুদ করা; এবং
- (থ) সরকার কর্তৃক অর্পিত অন্য যেকোনো কার্য সম্পাদন করা।

## টুঙ্গীপাড়া বাস ডিপো ও প্রশিক্ষণ ইনস্টিটিউট

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মস্থান গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়া উপজেলায় গোপালগঞ্জ-টুঙ্গীপাড়া মহাসড়কের পাশে এই টুঙ্গীপাড়া বাস ডিপো ও প্রশিক্ষণ ইনস্টিটিউট অবস্থিত। প্রথমে দুর্ঘটনা মুক্ত সড়ক ব্যবস্থা নিশ্চিত করণের লক্ষ্যে চালকদের দক্ষতা বৃদ্ধির নিমিত্ত একটি অত্যাধুনিক ড্রাইভিং প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রতিষ্ঠা অনুভূত হওয়ায় ২৪ জানুয়ারী, ২০১৫ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ক্ষুধা ও দারিদ্র মুক্ত স্বনির্ভর বাংলাদেশ গড়ার প্রত্যয়ে বিআরটিসি টুঙ্গীপাড়া ট্রেনিং ইনস্টিটিউটের শুভ উদ্বোধন করেন। এটি একটি আধুনিক ও পূর্ণাঙ্গ প্রশিক্ষণ ইনস্টিটিউট। আবাসিক সুবিধা সম্বলিত এই প্রশিক্ষণ ইনস্টিটিউটে ড্রাইভিং প্রশিক্ষণ প্রদানের জন্য নিয়োজিত রয়েছে প্রশিক্ষণ প্রাপ্ত দক্ষ প্রশিক্ষক, রয়েছে হালকা এবং ভারী প্রশিক্ষণ যানবাহন। প্রশিক্ষণ প্রদানের জন্য রয়েছে উন্নত মানের আধুনিক ও যুগোপযোগী প্রশিক্ষণ সামগ্রী এবং সুসজ্জিত শ্রেণি কক্ষ। ০৩ একর জায়গার উপর নির্মিত প্রতিষ্ঠানটিতে ০১টি তিনতলা বিশিষ্ট প্রশাসনিক ভবন ও দ্বিতল বিশিষ্ট দুইটি পৃথক পৃথক ছাত্র/ছাত্রীদের আবাসনের ব্যবস্থা আছে। দুটি আবাসনে ৭৮ (আটাত্তর) জন প্রশিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা আছে। পরবর্তীতে স্থানীয় জনগণের চাহিদা পূরণে গত ডিসেম্বর ২০২২ মাসে প্রশিক্ষণ ইনস্টিটিউটের পাশাপাশি বাস ডিপো হিসাবে কার্যক্রম শুরু করে।

### □ এক নজরে টুঙ্গীপাড়া বাস ডিপোঃ

১	ইউনিটের নাম	:	টুঙ্গীপাড়া বাস ডিপো
২	প্রতিষ্ঠাকাল	:	ডিসেম্বর/২০২২ইং
৩	ইউনিটের পূর্ণ ঠিকানা	:	গিমাডাঙ্গা, টুঙ্গীপাড়া, গোপালগঞ্জ
৪	ইউনিট প্রধানের মান ও পদবী	:	মোঃ জাহাঙ্গীর আলম, ম্যানেজার (অপাঃ)
৫	ইউনিট প্রধানের মোবাইল নম্বর	:	০১৩২৪-২৯৩৯৫৮
৬	হটলাইন নম্বর	:	০১৩২৪-২৯৩৯৫৮
৭	চলমান বাসের সংখ্যা	:	২০ টি
৮	চলমান রুটের তালিকা	:	টুঙ্গীপাড়া-মুজিব নগর বরিশাল-বেনাপোর ঢাকা-খুলনা ঢাকা-পিরোজপুর ঢাকা-ফরিদপুর খুলনা-বরিশাল খুলনা-গোপালগঞ্জ

### □ টুঙ্গীপাড়া বাস ডিপোতে বর্তমানে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের নামের তালিকাঃ

ক্রম	নাম ও পদবী	মোবাইল নং
১.	মোঃ জাহাঙ্গীর আলম, ম্যানেজার (অপাঃ)	০১৩২৪-২৯৩৯৫৮
২.	মোঃ জুয়েল সিকদার, হিসাব ইনচার্জ	০১৭১৬-৯৫০৫৯৭
৩.	সুকেশ মজুমদার, দায়িত্বে-প্রশাসন ইনচার্জ	০১৭১৮-১৮৯৪০৩
৪.	মোঃ মিজানুর রহমান, কম্পিউটার অপারেটর কাম অফিস সহকারী	০১৯৩-৯৫৫৫১৮
৫.	মোঃ হাসানুর রহমান, দায়িত্বে-ট্রাফিক ইনচার্জ	০১৯৯৫৯১৫১৫
৬.	মোঃ মনির হোসেন, দায়িত্বে-কারিগরি প্রধান	০১৭৫১৬৫৪৯৫০
৭.	মোঃ আমির হোসেন, দায়িত্বে-পিএলও ইনচার্জ	০১৭৩৮-০৭২৭৪২
৮.	মোঃ জাহিদুর ইসলাম, দায়িত্বে-স্টোর ইনচার্জ	০১৭৩৯-৬৫২৪৭১

□ টুঙ্গিপাড়া বাস ডিপোর চলমান বাসের ধরনঃ-

ক্রম.	বাসের ধরন	বাসের সংখ্যা
১	আশোক লিল্যান্ড এসি	১৭ টি
২	দিতল	০১ টি
৩	টিসি	০১ টি
৪	টাটা	০১ টি

□ টুঙ্গিপাড়া বাস ডিপোর ২০২১-২০২২ অর্থ বছরের আয়-ব্যয় বিবরণীঃ

ক্রম	অর্থ বছর	আয়	ব্যয়	উদ্বৃত্ত/ঘাটতি
০১	২০২১-২২	৬,৩৪,৩১,০৫৪/-	৬,২৫,১৮,৭৬৯/-	৯,৩২,৮০৯/-

□ একনজরে প্রশিক্ষণ ইনস্টিটিউটঃ

১।	প্রশিক্ষণ ইনস্টিটিউটের নাম	:	টুঙ্গিপাড়া প্রশিক্ষণ ইনস্টিটিউট
২।	প্রতিষ্ঠাকাল		ডিসেম্বর, ২০২২
৩।	ইউনিটের পূর্ণ ঠিকানা		গিমাডাঙ্গা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
৪।	ইউনিট প্রধানের নাম		মোঃ জাহাঙ্গীর আলম, ম্যানেজার (অপাঃ)
৫।	হট লাইন নম্বর		০১৩২৪-২৯৩৯৫৮
৬।	ইউনিট প্রধানের ফোন/মোবাইল নম্বর		০১৩২৪-২৯৩৯৫৮
৭।	প্রশিক্ষণ যানবাহনের সংখ্যা		কার- ১১, জীপ-০২, পিকআপ-০৩, মিনিবাস-০১, ট্রাক-০১
৮।	প্রশিক্ষণ কোর্স সমূহ		<ul style="list-style-type: none"> <li>বেসিক ড্রাইভিং (হেভি)</li> <li>বেসিক ড্রাইভিং (লাইট)</li> <li>আপগ্রেডিং ড্রাইভিং (হেভি)</li> <li>আপগ্রেডিং ড্রাইভিং (লাইট)</li> <li>ওরিয়েন্টেশন ড্রাইভিং</li> </ul>
৯।	প্রশিক্ষণ কার্যক্রম চলমান বিভিন্ন প্রতিষ্ঠান সমূহের নাম		<ul style="list-style-type: none"> <li>আনসার ও ভিডিপি</li> <li>জেলাপরিষদ</li> </ul>
১০।	প্রকল্পসমূহ		<ul style="list-style-type: none"> <li>BRTC-SEIP প্রকল্প; মোটরযান ড্রাইভিং এবং রক্ষণাবেক্ষণ কোর্স</li> <li>BRTC-SEIP প্রকল্পের আওতায় প্রশিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম (ToT)</li> <li>পদ্মাসেতু প্রকল্পের মাধ্যমে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীকে প্রশিক্ষণ কার্যক্রম।</li> </ul>
১১।	প্রশিক্ষণ কার্যক্রমঃ		প্রশিক্ষণার্থী সংখ্যাঃ
	BRTC-SEIP প্রকল্প	:	১২৫০ জন
	পদ্মা সেতু প্রকল্প	:	৮৮ জন
	আনসার ও ভিডিপি	:	৭২৪ জন
	সাধারণ প্রশিক্ষণার্থী	:	৪৯ জন
	জেলা পরিষদ	:	১০০ জন



## □ প্রশিক্ষণ ইনষ্টিটিউট এর ভবিষ্যৎ পরিকল্পনা

- আধুনিক ও যুগোপযোগী প্রশিক্ষণ সামগ্রী ব্যবহারের মাধ্যমে অটোমেকানিজম এবং ওয়েল্ডিং পেশায় প্রশিক্ষণের উদ্যোগ গ্রহন করা হয়েছে।
- প্রশিক্ষণার্থীগণ যাতে শ্রেণি কক্ষে বসে প্রতিকূল পরিবেশে যানবাহন চালনার আবহ পায় সেজন্য সিমুলেটর ও P-drive System-সংযোজন এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহন করা হয়েছে।
- প্রশিক্ষণার্থী এবং কর্পোরেশনের চালকদের জন্য সড়ক দুর্ঘটনা হ্রাসকরণ ও নিরাপদ সড়ক ব্যবস্থা নিশ্চিতকরণের জন্য চালকদের মানবিক গুণাবলির উন্নয়ন, প্রচলিত সকল প্রকার আইনের প্রতি শ্রদ্ধাশীল হওয়া, শব্দ দূষণ এর কুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি সম্পর্কিত নিরাপদ গাড়ী চালনা ও প্রেষণামূলক প্রশিক্ষণ এর আয়োজন করার উদ্যোগ গ্রহন করা হয়েছে।

## আলোকচিত্র



জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর মোড়ালে শ্রদ্ধা নিবেদন



১৫ আগষ্ট উপলক্ষে বঙ্গবন্ধুর সমাধি সৌধের অভিমুখে যাত্রা



জাতীয় শোক দিবস উপলক্ষে মিলাদ মাহফিল ও তবারক বিতরণ



পদ্মা সেতু প্রকল্পের ড্রাইভিং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে চেক বিতরণ



গত ২৮/০৯/২০২২ইং তারিখ টুঙ্গিপাড়া বাস ডিপো ও টুঙ্গিপাড়া ট্রেনিং ইনস্টিটিউট পরিদর্শন এবং কর্মচারী কর্মকর্তাদের সাথে বিভিন্ন সমস্যা সমূহ নিয়ে আলোচনা করেন সেই সাথে দিক নির্দেশনা মূলক কর্মকাণ্ডের বিষয়ে আলোচনা করেন



নব্য নিয়োগকৃত কন্ডাক্টরদে শুদ্ধাচার ও কর্মপরিকল্পনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় অংশ গ্রহণ করে দিক নির্দেশনা মূলক আলোচনা করেন বিআরটিসির জেনারেল ম্যানেজার (হিসাব) জনাব,মোঃ আমজাদ হোসেন।



পরিচালক (কারিগরি ও অপারেশন) কর্নের জনাব,মোঃ জাহিদ হোসেন টুঙ্গিপাড়া বাস ডিপো ও ট্রেনিং ইনস্টিটিউট পরিদর্শন করেন এবং বিভিন্ন দিক নির্দেশনা মূলক পরামর্শ প্রদান করেন।



ডিজিএম মোঃ নায়েব আলী স্যার বাস ডিপো ও ট্রেনিং ইনস্টিটিউট পরিদর্শন করেন এবং কর্মকর্তা,কর্মচারীদের সাথে কুশল বিনীময় করে ও দিক নির্দেশনা মূলক পরামর্শ প্রদান করেন।